# ফ্যাসিস্টদের পুনর্বাসনের চেষ্টা করছে মুখোশধারীরা: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

দেশে ফ্যাসিস্টদের পুনর্বাসনের জন্য এখনো অনেক মুখোশধারী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান।

বুধবার (২৬ আগস্ট) দুপুরে রাজধানীর বনানীতে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

আইনমন্ত্রী বলেন, দেশে যাতে আর ফ্যাসিবাদ ফিরে আসতে না পারে, সে জন্য বিরোধিতার জন্য বিরোধিতা করার রাজনীতি থেকে বের হয়ে দেশের কল্যাণে কাজ করতে হবে। একই সঙ্গে দেশের ভবিষ্যৎ নিয়ে একটি কার্যকর রোডম্যাপ তৈরিতে সবাইকে ভূমিকা রাখতে হবে।

সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়নে এ ধরনের আয়োজনের প্রশংসা করে তিনি দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি ও বিভিন্ন ষড়যন্ত্র নিয়েও সতর্ক করেন।

তিনি বলেন, দেশকে এমনভাবে গড়ে তুলতে হবে, যেখানে মানুষ গণতন্ত্র ও আইনের শাসনের প্রকৃত সুফল পাবে এবং ভবিষ্যতে কেউ যেন ফ্যাসিস্ট হয়ে ওঠার সুযোগ না পায়।

সরকারের কোনো ভুল হলে তা চিহ্নিত করে দেখিয়ে দেওয়ার জন্যও সবার প্রতি আহ্বান জানান আইনমন্ত্রী।

LENS ASIA